

স্বাক্ষর  
৩০/০৮/২০২১  
স্বাক্ষর  
২০/০৮/২১  
২২/০৮/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
মিরপুর-২, ঢাকা- ১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫৬৯.২০২৩-৫৫

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪৩২।  
২৭ ফেব্রুয়ারী ২০২৬।

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব প্রদীপ কুমার মন্ডল, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, বর্তমানে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিরোজপুর, (সাবেক জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সাতক্ষীরা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮, এর ৩(খ) ও ৩(ঘ) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ৩য় শ্রেণী/বিমা/০১/২৫/১২৩, তারিখ: ১৯/০৩/২০২৫ মোতাবেক বিভাগীয় মামলা রুজু পূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জনাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সার্বিক বিবেচনায় তাকে "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, ইতোপূর্বে স্মারক নং-৪৮৮, তারিখ: ২৭/১১/২০২৩ ইং মোতাবেক তাকে "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" অর্থাৎ তার মূলবেতন ২৭৪৩০/- হতে ১৬০০০/- টাকায় অবনমিতকরণ দণ্ড প্রদান করা হয়েছিল যা ০১ জুলাই ২০২৪ থেকে কার্যকর হবে এবং পরবর্তী ০২ বছর পর্যন্ত বলবৎ থাকবে কিন্তু তিনি উক্ত আরোপিত দণ্ড প্রতিপালন করেননি;

সেহেতু, জনাব প্রদীপ কুমার মন্ডল, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, বর্তমানে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিরোজপুর, (সাবেক জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সাতক্ষীরা)-এর বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর উপ-বিধি ৪ (২)(১)(ঘ) অনুযায়ী "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" অর্থাৎ তার বর্তমান মূলবেতন ২৭৪৩০/- হতে ১৬০০০/- টাকায় অবনমিতকরণ দণ্ড প্রদান করা হলেও তাঁর বেতন ১৬০০০/- টাকায় নির্ধারিত হবে এবং পরবর্তী কর্মকালীন সময়ে কোন ইনক্রিমেন্ট প্রাপ্য হবেন না এবং সেই সাথে পূর্ববর্তী আরোপিত দণ্ড কার্যকর পূর্বক গৃহীত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করবেন। এ দণ্ড ০১ জুলাই ২০২৬ থেকে কার্যকর হবে এবং কর্মকালীন পর্যন্ত বলবৎ থাকবে। অবনমিতকরণ বেতন ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আবু নূর মোঃ শামসুজ্জামান  
মহাপরিচালক

টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭

ই-মেইল: dgprimarybd@gmail.com

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪৩২।  
২৭ ফেব্রুয়ারী ২০২৬।

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫৬৯.২০২৩-৫৫(২২)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল।
৬. জনাব শেখ সাইদুর রহমান, অপারেশন ম্যানুজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা/পিরোজপুর।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা/পিরোজপুর (আদেশটি i bas++ এ এন্ট্রি করে বর্ণিত কর্মকর্তার বেতননির্ধারণ ও প্রদত্ত দণ্ড বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. জেলা হিসাব রক্ষণ অফিসার, সাতক্ষীরা/পিরোজপুর (আদেশটি i bas++ এ এন্ট্রি করে বর্ণিত কর্মকর্তার বেতননির্ধারণ ও প্রদত্ত দণ্ড বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
১১. জনাব প্রদীপ কুমার মন্ডল, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, বর্তমানে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিরোজপুর, (সাবেক জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সাতক্ষীরা)।
১২. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সংরক্ষণ নথি।

২৭/০২/২৬  
মো: আব্দুস সালাম  
উপপরিচালক (ত:শ:)  
ফোন: ৫৫০৭৪৯৩৫